ইত্তেফাক

২৬৮

তারিখ ৯০/১/৮২
পৃষ্ঠা ... কলাম ...

# সচিবালয়ে প্রবেশের নূতন পদ্ধতি

সরকার জনস্বার্থে আগামীকাল (সোমবার) সকাল হইতে সচিবালয়ে প্রবেশ পদ্ধতি সুবিন্যস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক ঘোষণার উদ্ধৃতি দিয়া বাসস জানায় সচিবালয়ে প্রবেশ জনস্বার্থে নিম্নরূপ নিয়ন্ত্রিত হইবে ঃ

স্বরাষ্ট্র মন্ত্রণালয় ইস্যুকৃত অস্থায়ী-স্থায়ী সোনালী কার্ডধারী কোন ব্যক্তিকে ১১ই জানুয়ারী হইতে সচিবালয়ে প্রবেশ করিতে দেওয়া হইবে না। ঐ তারিখ হইতে বর্তমানে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত অটোমেটিক আইডেন্টিটি কার্ডধারী কিংবা সকল কার্যদিবসে সচিবালয় গেটে অভ্যর্থনাকারীদের ইস্যুকৃত বহাল এন্ট্রি পাসধারীদেরই শুধু প্রবেশ করিতে দেওয়া হইবে। তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে ব্যতিক্রম হইবে ঃ

(ক) সংসদ সদস্যদের ক্ষেত্রে সংসদ প্রদত্ত পরিচয়পত্র সচিবা-

(৮ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## সচিবালয়ে নূতন পদ্ধতি

(১ম পৃঃ পর)

লয়ে প্রবেশের পাস হিসাবে গণ্য হইবে। কিন্তু সংসদ সদস্যদের কোন সঙ্গী সচিবালয়ে প্রবেশ করিতে চাহিলে তাহাকে গেটে অভ্যর্থনাকারীদের নিকট হইতে পাস সংগ্রহ করিতে হইবে। (খ) কোন বৈঠক বা সাক্ষাৎকারের জন্য আমন্ত্রিত কর্মকর্তা/ব্যক্তিদের আমন্ত্রণলিপি/নোটিস গেটে দেখাইলেই সচিবালয়ে প্রবেশ করিতে দেওয়া হইবে এবং তাহাদের বেলায় কোন পৃথক এন্ট্রি পাস লাগিবে না। পরিচয়পত্রবিহীন ডাক বহনকারী পিওন/মেসেঞ্জারদের আগমনের উদ্দেশ্য সম্পর্কে সন্তোষজনক প্রমাণ দেখানোর পর সচিবালয়ে প্রবেশের জন্য এন্ট্রি পাস দেওয়া হইবে। (অসমাপ্ত)